

বাংলাদেশ দূতাবাস আংকারা, তুরস্ক

বাংলাদেশ দূতাবাস আঙ্কারায় “ডিজিটাল বাংলাদেশ দিবস” উদযাপিত

১২ ডিসেম্বর ২০২২/আংকারা : আজ তুরস্কের আংকারাস্থ বাংলাদেশ দূতাবাসে যথাযথভাবে “ডিজিটাল বাংলাদেশ দিবস” উদযাপন করা হয়। পবিত্র কোরআন থেকে তিলাওয়াত ও ডিজিটাল বাংলাদেশের রূপকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবার ও দেশের মঙ্গল কামানায় বিশেষ দোয়া ও মোনাজাতের মধ্যে দিয়ে অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা শুরু হয়। অতঃপর ডিজিটাল বাংলাদেশের উপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

দিবসটি উপলক্ষ্যে দূতাবাসের ‘বিজয় একান্তর মিলনায়তন’-এ একটি আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনাপর্বে চার্জ দ্যা এগ্যাফেয়ারস, শাহনাজ গাজী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের প্রতি গভীর শ্রদ্ধা প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন যে, বঙ্গবন্ধুর সুগভীর দেশপ্রেম এবং প্রগাঢ় ভবিষ্যৎ দ্রষ্টা হিসেবে সদ্য স্বাধীন বাংলাদেশকে সারাবিশ্বের সাথে যোগাযোগের সুদূরপ্রসারী ভিত্তি রচনা করেন। তাঁর দিকনির্দেশনায় টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ১৯৭৫ সালের ১৪ জুন পার্বত্য চট্টগ্রামের বেতবুনিয়ায় ভূ-উপগ্রহ কেন্দ্র স্থাপন করা হয়। মূলত: বঙ্গবন্ধুই প্রথম বাংলাদেশে তথ্যপ্রযুক্তির গোড়া পত্তন করেন। তিনি আরো উল্লেখ করেন, মাননীয় প্রধানমন্ত্রীর সেই ২০০৮ সালের ১২ ডিসেম্বর-এর ঘোষণাকে স্মরণীয় করে রাখতে এবং তথ্যপ্রযুক্তি খাতের ব্যাপক উন্নয়ন জনগণের মাঝে ছড়িয়ে দিতে মন্ত্রিপরিষদ বিভাগ এক প্রজ্ঞাপন জারী করে ২০১৭ সালে প্রথমবারের মত ১২ ডিসেম্বর দিনটিকে “জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস” হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়। পরবর্তীতে ২০১৮ সালে মন্ত্রিসভা বৈঠকে দিবসটির নতুন নামকরণ করা হয় - ডিজিটাল বাংলাদেশ দিবস। সেই থেকে এটি “ডিজিটাল বাংলাদেশ দিবস” হিসেবে বাংলাদেশে এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে যথাযথভাবে পালিত হয়ে আসছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ আজ বাস্তবতা এবং এরই ধারাবাহিকতায় জ্ঞানভিত্তিক অর্থনীতিতে রূপান্তরের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ দেশ হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ এবং এর আওতাধীন বিভিন্ন সংস্থা দৃঢ় প্রত্যয়ে এগিয়ে যাচ্ছে।

তিনি উপস্থিত সকলকে স্মরণ করিয়ে দেন যে, অত্র দূতাবাস এ দিবস উপলক্ষ্যে তুরস্কে বসবাসরত বাংলাদেশী এবং বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করেছে। যা দূতাবাসে জমা দেয়ার শেষ দিন ১৫ ডিসেম্বর ২০২২ এবং পুরস্কার বিতরণ করা হবে ১৬ই ডিসেম্বর ২০২২ তারিখে দূতাবাসের বিজয় দিবসের অনুষ্ঠানে।

পরিশেষে, উপস্থিত সকলকে আপ্যায়নের মধ্যে দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

=====